BGMEA

অতীব জরুরী

বিজ্ঞপ্তি নং - বিজিএ/এসডিপি/২০২৫/৬০

তারিখ ঃ ১৭/০৩/২০২৫ ইং।

## (২০২৫ - ২৬ অর্থবছরের জন্য প্রযোজ্য)
## "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচী

আপনারা জেনে আনন্দিত হবেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচীর আওতায় বিজিএমইএ'র সদস্যভুক্ত তৈরী পোশাক কারখানাসমূহের মধ্যে ২০২৫ - ২৬ অর্থবছরের জন্য উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া শুরু করতে যাচ্ছে। এ প্রেক্ষিতে বিজিএমইএ'র সদস্যভুক্ত কারখানাসমূহ থেকে অংশগ্রহণে আগ্রহী কারখানাগুলোর আবেদনের প্রেক্ষিতে তাদের নামের তালিকা চূড়ান্ত করা হবে। বিজিএমইএ'র উক্ত তালিকা সম্পাদনের জন্য প্রাথমিক পর্যায়ে প্রতিটি কারখানা থেকে নির্বাচিত একজন কল্যাণ কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নম্বর, ই-মেইলসহ একটি আবেদন কারখানার লেটারহেড প্যাডে ফরওয়ার্ডিং এর মাধ্যমে বিজিএমইএ'র এসডিপি সেকশন বরাবর প্রেরণ করতে হবে। কারখানার নির্বাচিত কল্যাণ কর্মকর্তা বিজিএমইএ'র সার্বিক তত্ত্বাবধানে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক **TOT** গ্রহনের মাধ্যমে প্রশিক্ষিত হয়ে নিজ কারখানায় উল্লেখিত প্রকল্প কার্যক্রমটি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন। কারখানা কর্তৃক প্রেরিত ফরওয়াডিং এ স্বাক্ষর করবেন কারখানার এইচ.আর, এডমিন; কম্প্যায়েন্স ম্যানেজার বা তদোর্ধ্ব পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা। বিজিএমইএ'র সদস্যভূক্ত কারখানার উপকারভোগীদের চাহিদার তুলনায় মহিলা বিষয়ক অধিদপ্তর হতে তুলনামূলকভাবে অনেক কম বরাদ্দ দেয়া হয়েছে। সেক্ষেত্রে যে সব কারখানা থেকে আগে কল্যাণ কর্মকর্তার নামের তালিকাসহ আবেদন পাঠানো হবে অগ্রাধিকার ভিত্তিতে তাদের তালিকা চূড়ান্ত করা হবে (কোটা পূরন হওয়া সাপেক্ষে)। অংশগ্রহণকারী কারখানাসমূহের নির্বাচিত উপকারভোগীদের নাম প্রকল্প নির্ধারিত ওয়েব সাইটে কারখানার কল্যাণ কর্মকর্তার সহায়তায় **Database Upload** করা হবে। সঠিকভাবে **Database** সম্পন্ন হওয়া সাপেক্ষে কারখানাগুলোর নির্বাচিত উপকারভোগীরা প্রত্যেকে মাসিক ৮০০ টাকা করে মোট ৩৬ মাস (তিন বছর) ভাতা পাবেন। উক্ত ভাতার টাকা তারা **G2P** সিস্টেমে নিজ নিজ ব্যাংক একাউন্ট বা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে গ্রহণ করবেন। এ প্রেক্ষিতে বিজিএমইএ "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচীর আওতায় ২০২৫-২৬ অর্থবছরের তালিকা চূড়ান্ত করার লক্ষ্যে আগ্রহী কারখানাসমূহের পক্ষ হতে আবেদন আগামী ২৫ এপ্রিল, ২০২৫ তারিখের এর মধ্যে বিজিএমইএ'র এসডিপি শাখার সিনিয়র সহকারী সচিব ও "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচী প্রকল্পের সমন্বয়কারী বরাবর প্রেরন করতে হবে।

(এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের জন্য এসডিপি সেকশন এর সহকারী সচিব, মোঃ রফিকুল আলম - মোবাইল **01912 -165 187, 01676396724** ই-মেইল sdp@bgmea.com.bd & rafique.bgmea@gmail.com এ যোগাযোগ করা যাবে)

আগ্রহী আবেদনকারী কারখানাসমূহের জন্য জ্ঞাতব্য ঃ

ক) কারখানায় নিয়োজিত দরিদ্র কর্মজীবি গর্ভবতী এবং দুগ্ধদানকারী মা ভাতা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

খ) আবেদনকারী মা' য়ের জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।

গ) উপকারভোগী হিসেবে আবেদনকারী মায়ের বয়স অবশ্যই ২০ - ৩৫ বছরের মধ্যে হতে হবে।

ঘ) কর্মজীবি গর্ভবতী মা প্রথম বা দ্বিতীয় শিশু সন্তানের ক্ষেত্রে শুধুমাত্র একবার এ ভাতার জন্য যোগ্য বিবেচিত হবেন।

ঙ) প্রকল্প কার্যক্রমের আওতায় সুবিধাভোগীর সংখ্যা ও কারখানা নির্ধারণ, সুবিধাভোগী নির্বাচন, ডিজিটাল পেমেন্ট পদ্ধতি, উপকারভোগীদের প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যক্রম সম্পর্কীত যাবতীয় তথ্যাদি বিজিএমইএ'র সংশ্লিষ্ট কর্মকর্তার মাধ্যমে পর্যায়ক্রমে কারখানা কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

(বিঃ দ্রঃ বিজিএমইএ'র পক্ষে সংশ্লিষ্ট কারখানার সাথে প্রয়োজনীয় যোগাযোগের জন্য কারখানা কর্তৃক ফরওয়াডিং লেটারে আবেদন প্রেরণের সময় ন্যূনতম ২জন কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নম্বর ও ই-মেইল আই.ডি দিতে হবে)। আপনাদের সহযোগীতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

মোঃ ফায়জুর রহমান
মহাসচিব।